রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বাংলাদেশ কোস্ট গার্ড**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৮ অক্টোবর ২০২৫ খ্রিঃ

নং-**৪৪.০০.০০০০.১১৮.০৮.০১২.২৩-১৫৯**—বাংলাদেশ কোস্ট গার্ডের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা/কর্মচারীদের জাতীয় ক্ষেত্রে অকুতোভয় অবদান, বীরত্ব/সাহসিকতাপূর্ণ কাজের জন্য সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক প্রবর্তিত "বাংলাদেশ কোস্ট গার্ড পদক", জাতীয় ক্ষেত্রে অকুতোভয় অবদান, বীরত্ব/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক প্রবর্তিত "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক" জাতীয় ক্ষেত্রে প্রশাসনিক কর্মকান্ডে প্রশংসনীয়, সৃজনশীল ও উদ্ভাবনীমূলক অবদানের এবং অতুলনীয় সততা, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা ও শৃঙ্খলামূলক আচরণের সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক প্রবর্তিত "বাংলাদেশ কোস্ট গার্ড (সেবা) পদক" এবং জাতীয় ক্ষেত্রে প্রশাসনিক কর্মকান্ডে প্রশংসনীয়, সৃজনশীল ও উদ্ভাবনীমূলক অবদানের এবং অতুলনীয় সততা, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা ও শৃঙ্খলামূলক আচরণের স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক প্রবর্তিত "প্রেসিডেন্ট কোস্ট গার্ড (সেবা) পদক" প্রদান সম্পর্কিত এবং এ সম্পর্কিত নীতিমালা সমন্বিতকরণের লক্ষ্যে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক প্রদান নীতিমালা, ২০২৫" প্রণয়ন করা হল।

**পদকের বিবরণ ও প্রাপ্তির যোগ্যতা নিম্নরূপঃ**

১। **পদকের নাম ও সংক্ষিপ্ত রূপ**।

(ক) বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)।

(খ) প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)।

(গ) বাংলাদেশ কোস্ট গার্ড (সেবা) পদক (বিসিজিএমএস)।

(ঘ) প্রেসিডেন্ট কোস্ট গার্ড (সেবা) পদক (পিসিজিএমএস)।


মূল্য : ৮.০০

২। **পদক প্রাপ্তির সময় কাল**।—বাংলাদেশ কোস্ট গার্ডের পদকের জন্য আবেদনকারীগণকে বাংলাদেশ কোস্ট গার্ডে একাধারে কমপক্ষে ০১ (এক) বছর চাকুরী সম্পন্ন করতে হবে। মহাপরিচালকের ক্ষেত্রে কর্মকাল শিথিলযোগ্য হবে। এছাড়াও কোস্ট গার্ডে চাকরিরত সামরিক/অসামরিক সদস্য বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের অংশ হিসেবে অপারেশন/প্রশাসনিক অবদান, অর্জন, সাফল্য এবং নিহত/আহত হলে যথাযথ স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষের বিবেচনায় কর্মকাল শিথিলযোগ্য বিবেচনা করা যেতে পারে।

৩। **প্রাপ্তির যোগ্যতা**।—নিম্নবর্ণিত এক বা একাধিক অবদানের জন্য কোস্ট গার্ড সদস্যগণকে এই পদকসমূহ প্রদানের জন্য বিবেচনা করা হবেঃ

ক। **বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)**।

(১) জীবনের ঝুঁকি নিয়ে উপকূলীয় এলাকায় অথবা সমুদ্রে অথবা সরকার/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত যে কোনও স্থানে সীমান্ত সুরক্ষা, চোরাচালান/জলদস্যুতা দমনে নিয়োজিত থাকাকালে এইরূপ অপারেশনে গমন অথবা অপারেশন হতে প্রত্যাবর্তনকালে এ ধরনের পরিস্থিতি অথবা ঝুঁকিপূর্ণ পরিস্থিতি মোকাবেলা করতে গিয়ে কোস্ট গার্ড এর সদস্যগণ গুরুতর আহত হলে অথবা মৃত্যুবরণ করলে।

(২) দেশের ক্ষতি সাধনে লিপ্ত ব্যক্তির বেআইনী কর্মকান্ড দমনে জীবনের ঝুঁকি নিয়ে অসীম সাহসিকতা ও বীরত্বের সাথে পরিস্থিতি মোকাবেলা করলে।

(৩) সমুদ্র, উপকূলবর্তী ও তৎসংলগ্ন নদী তীরবর্তী এলাকায় এবং বনাঞ্চলে চোরাচালান, জলদস্যুতা, সন্ত্রাসী কর্মকান্ড, মৎস্য সম্পদ সংরক্ষণ এবং সরকার কর্তৃক আরোপিত অন্যান্য ঝুঁকিপূর্ণ দায়িত্ব পালনকালে সরাসরি সম্পৃক্ততাসহ অধিকতর বৈরী পরিবেশে ঝুঁকিপূর্ণ/চ্যালেঞ্জিং ও অতি সাহসিকতাপূর্ণ কাজের জন্য।

(৪) জাতীয় দুর্যোগের সময় দায়িত্ব পালনকালে ঝুঁকিপূর্ণ কর্মকান্ডে নিযুক্ত থেকে গুরুতর আহত হলে অথবা মৃত্যুবরণ করলে।

খ। **প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)**।

(১) জীবনের ঝুঁকি নিয়ে উপকূলীয় এলাকায় অথবা সমুদ্রে অথবা সরকার/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত যে কোনও স্থানে সীমান্ত সুরক্ষা, চোরাচালান/জলদস্যুতা দমনে নিয়োজিত থাকাকালে এইরূপ অপারেশনে গমন অথবা অপারেশন হতে প্রত্যাবর্তনকালে এ ধরনের পরিস্থিতি অথবা ঝুঁকিপূর্ণ পরিস্থিতি মোকাবেলা করতে গিয়ে কোস্ট গার্ড এর সদস্যগণ আহত হলে।

(২) দেশের ক্ষতি সাধনে লিপ্ত ব্যক্তির বেআইনী কর্মকান্ড দমনে জীবনের ঝুঁকি নিয়ে সাহসিকতা ও বীরত্বের সাথে পরিস্থিতি মোকাবেলা করলে।

(৩) সমুদ্র, উপকূলবর্তী ও তৎসংলগ্ন নদী তীরবর্তী এলাকায় এবং বনাঞ্চলে চোরাচালান, জলদস্যুতা, সন্ত্রাসী কর্মকান্ড, মৎস্য সম্পদ সংরক্ষণ এবং সরকার কর্তৃক আরোপিত অন্যান্য ঝুঁকিপূর্ণ দায়িত্ব পালনকালে সরাসরি সম্পৃক্ততাসহ অধিকতর বৈরী পরিবেশে ঝুঁকিপূর্ণ/চ্যালেঞ্জিং ও অতি সাহসিকতাপূর্ণ কাজের জন্য।

(৪) জাতীয় দুর্যোগের সময় দায়িত্ব পালনকালে ঝুঁকিপূর্ণ কর্মকান্ডে নিযুক্ত থেকে গুরুতর আহত হলে অথবা মৃত্যুবরণ করলে।

গ। **<u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক-সেবা (বিসিজিএমএস)</u>**।

(১) সৃজনশীল ও উদ্ভাবনীমূলক কর্মকান্ডে/প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কোস্ট গার্ডের কার্যক্রমে অভূতপূর্ব গতিশীলতা আনয়ন অথবা দক্ষতা বৃদ্ধি অথবা উন্নয়ন ও আধুনিকায়নে বিভিন্ন পরিদপ্তর/ শাখায়/জোনসমূহে দৃশ্যমান অবদান রাখলে।

(২) রাষ্ট্রীয় বা সামাজিক দিক হতে অতীব গুরুত্বপূর্ণ বিষয়ে তদন্ত করে রহস্য উদঘাটন ও অপরাধীদের আইনের আওতায় সোপর্দ করতে অবদান রাখলে।

(৩) যুগোপযোগী অপরাধ নিয়ন্ত্রণ প্রক্রিয়া প্রবর্তনের মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণসহ অন্যান্য কাজ সম্পাদনের অত্যন্ত প্রশংসনীয় অবদান রাখলে।

(৪) বাংলাদেশ কোস্ট গার্ড এর বিভিন্ন ইউনিটের দায়িত্বে থেকে দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে সার্বিকভাবে কোস্ট গার্ডের ভাবমূর্তি অতিউজ্জ্বল করার ক্ষেত্রে অত্যন্ত উল্লেখযোগ্য অবদান রাখলে।

ঘ। **<u>প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক-সেবা (পিসিজিএমএস)</u>**।

(১) সৃজনশীল ও উদ্ভাবনীমূলক কর্মকান্ডের মাধ্যমে কোস্ট গার্ডের কার্যক্রমে গতিশীলতা আনয়ন অথবা দক্ষতা বৃদ্ধি অথবা উন্নয়ন ও আধুনিকায়নে বিভিন্ন পরিদপ্তর/ শাখায়/জোনসমূহে দৃশ্যমান অবদান রাখলে।

(২) গুরুত্বপূর্ণ মামলার তদন্ত করে অথবা তদন্ত কার্যে সহায়তা করে রহস্য উদঘাটন ও অপরাধীদের আইনের আওতায় সোপর্দের ব্যবস্থা করে জনজীবনের নিরাপত্তা বিধানসহ অপরাধ নিয়ন্ত্রণ এবং অন্যান্য কাজ সম্পাদনে প্রশংসনীয় অবদান রাখলে।

(৩) কোস্ট গার্ডের বিভিন্ন ইউনিটের দায়িত্বে থেকে দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে সার্বিকভাবে কোস্ট গার্ডের ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে অত্যন্ত উল্লেখযোগ্য অবদান রাখলে।

৪। **<u>পদকসমূহের গঠন</u>**।

ক। **<u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)</u>**।

(১) পদকটি রূপা ধাতু দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে "অসমসাহসিকতা", মধ্যভাগে বাংলাদেশের জাতীয় প্রতীক "শাপলা" এবং নিচে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক" উৎকীর্ণ থাকবে।

(৫) পদকের পশ্চাৎ দিক মধ্যভাগে কোস্ট গার্ডের মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

খ। **<u>প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)</u>**।

(১) পদকটি ব্রোঞ্জ ধাতু দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে "সাহসিকতা", মধ্যভাগে বাংলাদেশের জাতীয় প্রতীক "শাপলা" এবং নিচে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক" উৎকীর্ণ থাকবে।

(৫) পদকের পশ্চাৎ দিক মধ্যভাগে কোস্ট গার্ডের মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

গ। **<u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক-সেবা (বিসিজিএমএস)</u>**।

(১) পদকটি ব্রোঞ্জ ধাতু দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে "সেবা", মধ্যভাগে জাতীয় ফুল শাপলা এবং নিচে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক" উৎকীর্ণ থাকবে।

(৫) পদকের পশ্চাৎ দিক মধ্যভাগে কোস্ট গার্ডের মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

ঘ। **<u>প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক-সেবা (পিসিজিএমএস)</u>**।

(১) পদকটি ব্রোঞ্জ ধাতু দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে " সেবা", মধ্যভাগে জাতীয় ফুল শাপলা এবং নিচে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক" উৎকীর্ণ থাকবে।

(৫) পদকের পশ্চাৎ মধ্যভাগে কোস্ট গার্ডের মনোগ্রাম উৎকীর্ণ থাকবে ।

৫। **<u>পদক রিবনের বিবরণ</u>**।

ক। **<u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)</u>**।

(১) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবন গাঢ় সবুজ এবং এর উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রূপালী স্ট্রাইপ হবে। রূপালী স্ট্রাইপের মাঝে একটি চিকন লাল রেখা থাকবে।

(২) রিবনের প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

খ। <u>প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)</u>।

(১) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবন গাঢ় নীল এবং উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রূপালী স্ট্রাইপ হবে এবং অতুলনীয় সাহসিকতার জন্য প্রদত্ত হলে সরু রূপালী স্ট্রাইপের মাঝে একটি চিকন লাল রেখা থাকবে।

(২) রিবনের প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে

গ। <u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক-সেবা (বিসিজিএমএস)</u>।

(১) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবনের মধ্য ভাগ সাদা ও এর উভয় পার্শ্বে হলুদ রং হবে। প্রত্যেক রং এর দৈর্ঘ্য সমান অর্থাৎ ১০ মিঃ মিঃ করে হবে।

(২) রিবনের প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

ঘ। <u>প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক-সেবা (পিসিজিএমএস)</u>।

(১) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবনের মধ্যভাগ সাদা ও এর উভয় পার্শ্বে নীল রং হবে। প্রত্যেক রং এর দৈর্ঘ্য সমান অর্থাৎ ১০ মিঃ মিঃ হবে।

(২) রিবনের প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

৬। <u>পদক পরিধানের ক্রম</u>।

ক। <u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)</u>।—এই পদক কোস্ট গার্ড পদকসমূহের মধ্যে সর্বজ্যেষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপর "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক" এর পূর্ববর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

খ। <u>প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)</u>।—এই পদক কোস্ট গার্ড পদকসমূহের মধ্যে দ্বিতীয় সর্বজ্যেষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপর "বাংলাদেশ কোস্ট গার্ড পদক" এর পরবর্তী এবং "বাংলাদেশ কোস্ট গার্ড পদক সেবা"এর পূর্ববর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

গ। <u>বাংলাদেশ কোস্ট গার্ড পদক-সেবা (বিসিজিএমএস)</u>।—এই পদক কোস্ট গার্ড পদকসমূহের মধ্যে ৩য় সর্বজ্যেষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপরে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক"এর পরবর্তী এবং "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক-সেবা"এর পূর্ববর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

ঘ। **প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক-সেবা (পিসিজিএমএস)**।—এই পদক কোস্ট গার্ড পদকসমূহের মধ্যে সর্বকনিষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপরে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক-সেবা"এর পরবর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

৭। **বারসমূহ**।—কোস্ট গার্ড বাহিনীর কোনও সদস্যকে এক বা একাধিক সাহসী ও ভাল কাজের জন্য পদকসমূহ একাধিকবার প্রদান করা যাবে। মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতিক্রমে একাধিক পদক প্রাপ্তগণকে পদকের সংখ্যা অনুসারে "বার" প্রদান করা যাবে। বার পরিধান করার সময় প্রতিটি বারের জন্য রিবনে একটি রূপালী রোমান হরফে II চিহ্ন পরিধান করতে হবে।

৮। **পদকের প্রকাশ**।—কোস্ট গার্ড মহাপরিচালকের সুপারিশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পদকসমূহ অনুমোদিত হতে হবে এবং পদকসমূহ বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে হবে।

৯। **পদক প্রত্যাহার ও পুনঃ প্রদান**।—কোস্ট গার্ড মহাপরিচালক কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে উত্থাপিত প্রস্তাব মোতাবেক প্রদত্ত পদক প্রত্যাহার করা যাবে। মহামান্য রাষ্ট্রপতি অনুগ্রহপূর্বক ইচ্ছা করলে প্রত্যাহারকৃত পদক পুনরায় প্রদান করতে পারবেন।

১০। **পদকের সংখ্যা**।—প্রতি বছর পদকসমূহের সংখ্যা প্রতি ক্যাটাগরীতে ১০ (দশ) এর অধিক হবে না। তবে মহামান্য রাষ্ট্রপতি পদকসমূহের সংখ্যা যথোপযুক্ত কারণে প্রয়োজন অনুসারে বৃদ্ধি করতে পারবেন।

১১। **সাইটেশন প্রেরণ**।—বাংলাদেশ কোস্ট গার্ড শান্তিকালীন পদকের প্রতিটি ক্যাটাগরীতে ১০ (দশ) টি সাইটেশনসহ নাম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সাইটেশন প্রেরণকালে নিম্নবর্ণিত বিষয়াদি অনুসরণ করতে হবেঃ

ক। **বস্তুনিষ্ঠ সাইটেশন প্রস্তুত**।—বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ/সেবামূলক/উদ্ভাবনীমূলক/দায়িত্ব পালনে নিহত বা গুরুতর আহত/চ্যালেঞ্জিং কর্মকান্ডকে সাইটেশনে প্রাধান্য দিতে হবে। অপারেশন (বিসিজিএম/ পিসিজিএম) ও সেবা (বিসিজিএমএস/পিসিজিএমএস) পদকের জন্য সাইটেশনসমূহ বস্তুনিষ্ঠ ও সংক্ষিপ্ত (৭০০ শব্দের মধ্যে) আকারে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক প্রণীত পৃথক সাইটেশন ফর্মে প্রেরণ করতে হবে।

খ। **পদক প্রদানে সুষ্ঠু বিভাজন**।—বাংলাদেশ কোস্ট গার্ড শান্তিকালীন পদক প্রদানের ক্ষেত্রে যথাসম্ভব আনুপাতিক সমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ডে কর্মরত সামরিক, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যা এবং সর্বমোট পদকের সংখ্যা বিবেচনায় নিয়ে যৌক্তিক ও আনুপাতিক সংখ্যক সাইটেশন প্রেরণ করতে হবে।

১২। **পদক সংক্রান্ত আর্থিক সুবিধা**।—বাংলাদেশ কোস্ট গার্ডের শান্তিকালীন পদক সংক্রান্ত আর্থিক সুবিধাদির বর্ণনা নিম্নে প্রদান করা হলোঃ

ক। **এককালীন ও মাসিক ভাতা**।—বাংলাদেশ কোস্ট গার্ড শান্তিকালীন পদক প্রাপ্ত সদস্যগণ নিম্নবর্ণিত হারে এককালীন অর্থ ও প্রতি মাসে ভাতা প্রতিবছর ১৪ ফেব্রুয়ারি বাংলাদেশ কোস্ট গার্ড দিবসের দিন থেকে প্রাপ্য হবেনঃ

| ক্রমিক | পদকের নাম | এককালীন অর্থ | মাসিক ভাতা |
|---|---|---|---|
| ১। | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) | ১,০০,০০০/- | ১,৫০০/- |
| ২। | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) | ৭৫,০০০/- | ১,০০০/- |
| ৩। | বাংলাদেশ কোস্ট গার্ড পদক সেবা (বিসিজিএমএস) | ৭৫,০০০/- | ১,৫০০/- |
| ৪। | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক সেবা (পিসিজিএমএস) | ৫০,০০০/- | ১,০০০/- |

খ। **মাসিক ভাতা প্রাপ্যতা**।—বাংলাদেশ কোস্ট গার্ডে প্রেষণে আগত পদকপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে এই মাসিক ভাতা তার অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তনের পরেও বহাল থাকবে। এই ক্ষেত্রে আর্থিক সংশ্লেষ সংশ্লিষ্ট পদকপ্রাপ্ত সদস্যের অভিভাবক সংস্থা প্রচলিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে। অবসরপ্রাপ্তগণ অবসর ভাতার সাথে নির্ধারিত মাসিক পদক ভাতা আমৃত্যু প্রাপ্য হবেন। প্রেষণে আগতদের ক্ষেত্রে অনুচ্ছেদ-৩ এ উল্লিখিত কার্য সম্পাদন করা কোনো সদস্য এই পদকের জন্য বিবেচনা করার কার্যক্রম গ্রহণের পূর্বেই যদি প্রেষণ সমাপ্তে অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তন করেন, সে ক্ষেত্রেও কোস্ট গার্ডে থাকাকালীন তার অবদানের জন্য তাকে এই পদকের জন্য বিবেচনা করা যাবে। এই ক্ষেত্রে পদক প্রাপ্ত সদস্যের এককালীন অনুদান বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক প্রদেয় হবে।

গ। **অবসরকালীন ও মৃত্যু পরবর্তী পদক সংক্রান্ত আর্থিক সুবিধাদি**।—বাংলাদেশ কোস্ট গার্ডের শান্তিকালীন ৪টি ক্যাটাগরীতে যেকোনো পদক প্রাপ্ত সদস্যগণ কর্মরত এবং অবসরকালীন সময়ে আমৃত্যু মাসিক ভাতা প্রাপ্য হবেন।

ঘ। **মরণোত্তর (POSTHUMOUS) পদক সংক্রান্ত আর্থিক সুবিধাদি**।—কোস্ট গার্ডে কর্মরত অবস্থায় বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের জন্য মৃত্যুবরণকারী সদস্যকে পদক প্রদানের জন্য বিবেচনা করা হলে এককালীন অনুদান এবং মাসিক ভাতা পদক প্রাপ্ত সদস্যের নিকটতম উত্তরাধিকারীগণ প্রাপ্য হবেন।

১৩। এতদবিষয়ে ২১ জানুয়ারি ২০১৩ তারিখে জারিকৃত স্ব:ম:(সী-৩)/কোগা/আইন-২/২০০৪/৩১, স্ব:ম:(সী-৩)/ কোগা/আইন-২/২০০৪/৩২, স্ব:ম:(সী-৩)/কোগা/আইন-২/২০০৪/৩৩ ও স্ব:ম:(সী-৩)/কোগা/আইন-২/২০০৪/৩৪ নং প্রজ্ঞাপন এই নীতিমালা জারির তারিখ থেকে বাতিল বলে গণ্য হবে।

১৪। অর্থ বিভাগের ০৬.১০.২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৪.৪৪.০০৬.২৩-১১০ নং স্মারকের সম্মতিক্রমে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

১৫। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd